

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা),  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৫০.২৫.১১৭

বিষয়: শিল্প আইআরসিতে আমদানী স্বত্ত্ব বৃদ্ধির সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: এন আর স্পিনিং মিলস লিমিটেড এর ২৪/১১/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এন আর স্পিনিং মিলস লিমিটেড, অফিসঃ নিরালা ভবন, বাড়ি নং ৪৮, রোড নং: ১১/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ ও কারখানা: দক্ষিণ শীলামান্দী, নরসিংদী সদর, নরসিংদী এর নিবন্ধন সংখ্যা- পরিঃ স্পিনিং-০০০০০৫০০-২০২০, তারিখঃ ১৩/১০/২০২৫ খ্রিঃ “স্পিনিং মিলস” উপখাতভুক্ত ১০০% রপ্তানীমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক প্রদত্ত শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৬৬৯০২২, তারিখঃ ১৭/০৫/২০২৫ খ্রিঃ। কারখানা কর্তৃপক্ষ কর্তৃক শিল্প আইআরসিতে আমদানি স্বত্ত্ব বৃদ্ধির সুপারিশের জন্য আবেদন করা হয়েছে। সে প্রেক্ষিতে এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই করে প্রতিষ্ঠানটির অনুরূপে শিল্প আইআরসিতে আমদানি স্বত্ত্ব বৃদ্ধির সুপারিশের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনমোদিত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানীমুখী “স্পিনিং মিলস” উপ-খাতভুক্ত শিল্প প্রতিষ্ঠানটির অনুরূপে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

উপখাত	বিদ্যমান আইআরসির আমদানি স্বত্ত্ব	সুপারিশকৃত আইআরসির আমদানি স্বত্ত্ব	মন্তব্য
“স্পিনিং মিলস”	ষাণ্মাসিক আমদানি স্বত্ত্বঃ ১৬,০৫,৭৪,০০০/- (ষোলো কোটি পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা মাত্র।	ষাণ্মাসিক আমদানি স্বত্ত্বঃ ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা মাত্র।	আমদানি স্বত্ত্ব বৃদ্ধি করা হলো

০২। এমতাবস্থায়, আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে এন আর স্পিনিং মিলস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুরূপে ষাণ্মাসিক আমদানি স্বত্ত্বঃ ১৬,০৫,৭৪,০০০/- (ষোলো কোটি পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা এর পরিবর্তে ষাণ্মাসিক আমদানি স্বত্ত্বঃ ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা মাত্র নির্ধারণ পূর্বক শিল্প আইআরসিতে আমদানি স্বত্ত্ব বৃদ্ধির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না এবং ভবিষ্যতে কোন আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে বস্ত্র অধিদপ্তর তার দায়ভার গ্রহণ করবেন।

১৮-১২-২০২৫

মোঃ আব্দুর রহমান

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৫০.২৫.১১৭/১ (৫)

তারিখ: ৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।

৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, (উত্তর), প্লট-২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, ঢাকা।

৪। রিসিপশনিস্ট, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, এন আর স্পিনিং মিলস লিমিটেড, অফিসঃ নিরालা ভবন, বাড়ি নং ৪৮, রোড নং: ১১/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ ও কারখানা: দক্ষিণ শীলামান্দী, নরসিংদী সদর, নরসিংদী।



Asif

২১-১২-২০২৫

আসিফ চৌধুরী

সহকারী পরিচালক